গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-১৮৭/২০১৯-২০২০
ঢাকা ১২ মার্চ বৃহস্পতিবার ২০২০, ২৮ ফাল্গুন ১৪২৬

১। মুজিববর্ষ উপলক্ষে সংসদের বিশেষ অধিবেশন ২২ ও ২৩ মার্চ : অধিবেশনের প্রথম দিন রাষ্ট্রপতির ভাষণ
২। আজ খুলছে ঢাকা-মাওয়া-ভাঙ্গা এক্সপ্রেসওয়ে : উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী
৩। জিম্বাবুয়ের বিপক্ষে টেস্ট, একদিনের আন্তর্জাতিক ম্যাচ ও টি২০ সিরিজ জয়ের জন্য বাংলাদেশ ক্রিকেট দলকে প্রধানমন্ত্রীর অভিনন্দন
৪। মুজিববর্ষের উদ্বোধন অনুষ্ঠানে ভিডিও বার্তা দেবেন ভারতের প্রধানমন্ত্রী
৫। স্পিকারের সঙ্গে ওমানের রাষ্ট্রদূতের সাক্ষাৎ : দ্বিপাক্ষিক স্বার্থসংশ্লিষ্ট বিষয়ে আলোচনা
৬। করোনাভাইরাস পরিস্থিতিতে অহেতুক নোংরা রাজনীতি করবেন না, সরকারকে সহযোগিতা করুন : বিএনপিকে সেতুমন্ত্রী
৭। করোনাভাইরাস একটি বৈশ্বিক দুর্যোগ, এটা নিয়ে রাজনীতি করবেন না : বিএনপির প্রতি তথ্যমন্ত্রী
৮। ২৫ মার্চ রাতে এক মিনিট অন্ধকার থাকবে পুরো দেশ : স্বরাষ্ট্রমন্ত্রী
৯। সন্ত্রাস ও জঙ্গীবাদ রোখে সংস্কৃতি চর্চা বাড়াতে হবে: স্বরাষ্ট্রমন্ত্রী
১০। মন্ত্রিসভা কমিটিতে ২ হাজার ৩৬৪ কোটি টাকার ৩ ক্রয় প্রস্তাব অনুমোদন
১১। আগের সুদহারে ফিরল ডাকঘর সঞ্চয় স্কিম অটোমেশন কার্যক্রম উদ্বোধন করলেন অর্থমন্ত্রী
১২। করোনাভাইরাসের কারণে শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধের পরিস্থিতি সৃষ্টি হয়নি: শিক্ষামন্ত্রী
১৩। করোনাভাইরাস আক্রান্ত তিন জনের দুই জন সুস্থ নতুন আক্রান্ত নেই : আইইডিসিআর
১৪। করোনাভাইরাসকে মহামারী ঘোষণা ডব্লিউএইচও'র
১৫। করোনাভাইরাসের চিকিৎসায় স্বাস্থ্য মন্ত্রণালয়কে৫০ কোটি টাকা বরাদ্দ
১৬। চামড়ার বর্জ্যে অতিমাত্রায় ক্রোমিয়াম থাকলে ব্যবস্থা
১৭। ৬৪ উপজেলা থেকে কৃষকের কাছ থেকে অ্যাপে ধান কিনবে সরকার : খাদ্যমন্ত্রী
১৮। কানুনগো ও তহসিলদার নিয়োগ পিএসসির মাধ্যমে: ভূমিমন্ত্রী
১৯। ডাক বিভাগকে ডিজিটাল কমার্সের হাতিয়ার করা হবে: ডাকঘর সঞ্চয় অনলাইন কার্যক্রম উদ্বোধন অনুষ্ঠানেটেলিযোগাযোগমন্ত্রী
২০। হালকা প্রকৌশল শিল্প পার্ক স্থাপনে উদ্যোগ নেবে সরকার : শিল্প প্রতিমন্ত্রী

**১। মুজিববর্ষ উপলক্ষে সংসদের বিশেষ অধিবেশন ২২ ও ২৩ মার্চ : অধিবেশনের প্রথম দিন রাষ্ট্রপতির ভাষণ**

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী 'মুজিববর্ষ' উদযাপন উপলক্ষে আগামী ২২ ও ২৩ মার্চ জাতীয় সংসদে বিশেষ অধিবেশন আহ্বান করা হয়েছে। গতকাল (১১ মার্চ বুধবার) জাতীয় সংসদ ভবনে অনুষ্ঠিত কার্য উপদেষ্টা কমিটির ৭ম বৈঠকে এ সিদ্ধান্ত হয়। কার্য উপদেষ্টা কমিটির বৈঠকের সিদ্ধান্ত অনুযায়ী, ২২ মার্চ বেলা ১১টায় এবং ২৩ মার্চ সকাল ১০টায় অধিবেশন বসবে। ২২ মার্চ সকাল সাড়ে ৯টায় রাজধানীর ধানমন্ডিতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে সংসদ সদস্যরা শ্রদ্ধা নিবেদন করবেন। অধিবেশনের প্রথম দিন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ভাষণ দেবেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.১)।

**২। আজ খুলছে ঢাকা-মাওয়া-ভাঙ্গা এক্সপ্রেসওয়ে : উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী**

দেশের অর্থনৈতিক উন্নয়নের সিংহদুয়ার হিসেবে পরিচয় পেতে যাওয়া পদ্মাসেতু প্রকল্পের অত্যাধুনিক সংযোগ সড়ক উদ্বোধন হতে যাচ্ছে আজ ১২ মার্চ বৃহস্পতিবার। পদ্মাসেতুর ঢাকা অংশের ৪ লেনের ৫৫ কিলোমিটার এ জাতীয় মহাসড়ক উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে প্রধানমন্ত্রী মহাসড়কটি উদ্বোধন করবেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **সমকাল** (শেষ পৃ.,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮)।

**৩। জিম্বাবুয়ের বিপক্ষে টেস্ট, একদিনের আন্তর্জাতিক ম্যাচ ও টি২০ সিরিজ জয়ের জন্য বাংলাদেশ ক্রিকেট দলকে প্রধানমন্ত্রীর অভিনন্দন**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা সফরকারী জিম্বাবুয়ে ক্রিকেট দলের বিপক্ষে টেস্ট , একদিনের আন্তর্জাতিক ম্যাচ (ওডিআই) ও টি২০ সিরিজ জয়ের জন্য বাংলাদেশ ক্রিকেট দলকে আন্তরিক অভিনন্দন জানিয়েছেন। গতকাল (১১ মার্চ বুধবার) এক বার্তায় প্রধানমন্ত্রী বাংলাদেশ ক্রিকেট দলের খেলোয়াড় , ম্যানেজার, কোচ এবং ক্রিকেট বোর্ডের সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে অভিনন্দন জানান। বার্তায় তিনি বলেন , জিম্বাবুয়ের বিরু দ্ধে টেস্ট , ওয়ানডে ও টি ২০ সিরিজে আমাদের খেলোয়াড়দের টিম -স্পিরিট ও ক্রীড়া - নৈপুণ্য দেখে গোটা জাতি গর্বিত। তিনি বলেন , এ সাফল্য খেলাধুলায় বর্তমান সরকারের যথাযথ পৃষ্ঠপোষকতা ও সহায়তার ফসল। তিনি আশা প্রকাশ করেন যে বাংলাদেশ ক্রিকেট দল ভবিষ্যতেও বিজয়ের এ ধারা অব্যা হত রাখবে। বাংলাদেশ ক্রিকেট টিম গতকাল শেরেবাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়ামে জিম্বাবুয়েকে দ্বিতীয় ও শেষ টি ২০ ম্যাচে ৯ উইকেটে পরাজিত করে ২-০-তে সিরিজ জয় করে। বাংলাদেশ দল ৪৮ রানে প্রথম টি ২০ ম্যাচে জয় লাভ করে। এর আগে টেস্ট ও তিন ম্যাচের ওডিআইতেও বিজয়ী হয় তারা। সূত্ র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **ইত্তেফাক** (পৃ.২,ক.২)।

**৪। মুজিববর্ষের উদ্বোধন অনুষ্ঠানে ভিডিও বার্তা দেবেন ভারতের প্রধানমন্ত্রী**

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে বাংলাদেশকে ১৫০টি অ্যাম্বুলেন্স দেবে ভারত। গতকাল (১১ মার্চ বুধবার) দিল্লীর হায়দরাবাদ হাউসে সফররত বাংলাদেশের ২০ সাংবাদিকের প্রতিনিধিদলকে এ কথা বলেন ভারতের পররাষ্ট্রসচিব হর্ষবর্ধন শ্রিংলা। শ্রিংলা বলেন, এটি আমাদের প্রধানমন্ত্রীর পক্ষ থেকে উপহার। তিনি পরে আনুষ্ঠানিক ঘোষণা দেবেন। আগামী ১৭ মার্চ বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকীর উদ্বোধন অনুষ্ঠানে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ভিডিও বার্তার মাধ্যমে যুক্ত থাকবেন বলে জানিয়েছেন শ্রিংলা। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **সমকাল** (পৃ.২,ক.১), **ইন্ডিপেনডেন্ট** ( শেষ পৃ,ক.৮)।

**৫। স্পিকারের সঙ্গে ওমানের রাষ্ট্রদূতের সাক্ষাৎ : দ্বিপাক্ষিক স্বার্থসংশ্লিষ্ট বিষয়ে আলোচনা**

বাংলাদেশে নিযুক্ত ওমানের রাষ্ট্রদূত তাইয়্যিব সেলিম আল আলাভি বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশে বিস্ময়কর উন্নয়ন হয়েছে। বিশেষ করে শিক্ষা, স্বাস্থ্য, কৃষিসহ সবক্ষেত্রে ব্যাপক উন্নয়নের ফলে বাংলাদেশের জনগণের জীবনমানের ইতিবাচক পরিবর্তন এসেছে বলে উল্লেখ করেন তিনি। গতকাল (১১ মার্চ বুধবার) জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সঙ্গে তার সংসদ ভবনের কার্যলয়ে সৌজন্য সাক্ষাৎ করে তিনি এসব কথা বলেন। সাক্ষাৎকালে তারা দ্বিপাক্ষিক স্বার্থসংশ্লিষ্ট বিষয়ে আলোচনা করেন। এ সময় ব্যবসা-বাণিজ্য,সংসদীয় রীতি-পদ্ধতি,সংসদীয় মৈত্রী গ্রুপ গঠন এবং কৃষি, শিক্ষা ও বিদ্যুৎ খাতে উন্নয়ন নিয়ে বিস্তারিত আলোচনা করেন তারা। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৩,ক.৫), **সমকাল** (পৃ.৩,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১)।

**৬। করোনাভাইরাস পরিস্থিতিতে অহেতুক নোংরা রাজনীতি করবেন না,**
**সরকারকে সহযোগিতা করুন : বিএনপিকে সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের করোনাভাইরাস পরিস্থিতিতে অহেতুক নোংরা রাজনীতি না করে সরকারকে সহযোগিতা করতে বিএনপির প্রতি আহ্বান জানিয়ে বলেছেন, 'করোনাভাইরাস পরিস্থিতিতে অহেতুক নোংরা রাজনীতি করবেন না। মানবিক ও সংবেদনশীল বিষয় নিয়ে রাজনীতি করা উচিত নয়। এ পরিস্থিতিতে আপনাদের উচিত সরকারকে সহযোগিতা করা। করোনাভাইরাস মোকাবিলায় সরকারের সব ধরনের প্রস্তুতি রয়েছে'। গতকাল (১১ মার্চ বুধবার) বঙ্গবন্ধু এভিনিউস্থ আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ে আয়োজিত এক যৌথ সভায় তিনি এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **সমকাল** (পৃ.২,ক.৫), **অবজারভার** (শেষ পৃ.,ক.১)।

**৭। করোনাভাইরাস একটি বৈশ্বিক দুর্যোগ, এটা নিয়ে রাজনীতি করবেন না : বিএনপির প্রতি তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ করোনাভাইরাসকে একটি বৈশ্বিক দুর্যোগ হিসেবে অভিহিত করে এ নিয়ে প্রশ্ন এবং রাজনীতি না করতে বিএনপির প্রতি আহ্বান জানিয়ে বলেছেন, বিমানবন্দর, সমুদ্রবন্দর এবং স্থলবন্দরে ব্যবস্থা নেওয়া সত্ত্বেও দুই জন বাংলাদেশি বিদেশ থেকে আক্রান্ত হয়ে দেশে এসেছেন। বিএনপিকে বলব এগুলো নিয়ে রাজনৈতিক বাদানুবাদ না করে একযোগে কাজ করা প্রয়োজন। তাদেরকে বলব সবকিছুর মধ্যে রাজনীতি না খোঁজার জন্য। গতকাল (১১ মার্চ বুধবার) ধানমন্ডিস্থ আওয়ামী লীগ সভানেত্রীর রাজনৈতিক কার্যালয়ে নাটোর জেলা আওয়ামী লীগের সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **সমকাল** (পৃ.২,ক.৮), **বাংলাদেশ টুডে** (পৃ.২,ক.১)।

**৮। ২৫ মার্চ রাতে এক মিনিট অন্ধকার থাকবে পুরো দেশ : স্বরাষ্ট্রমন্ত্রী**

আগামী ২৫ মার্চ রাত ৯টায় ১ মিনিটের জন্য সারাদেশে ব্ল্যাকআউট (বাতি নিভিয়ে অন্ধকার) কর্মসূচি পালন করা হবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল। তবে দেশের জরুরি স্থাপনা এ কর্মসূচির বাইরে থাকবে। গতকাল (১১ মার্চ বুধবার) সচিবালয়ের স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষে এক সভা শেষে তিনি এ কথা জানান। সূত্র-**আমাদেরঅর্থনীতি** (শেষ পৃ.১,ক.৫), **জনকণ্ঠ** ( শেষ পৃ,ক.৬), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১)।

**৯। সন্ত্রাস ও জঙ্গীবাদ রোধে সংস্কৃতি চর্চা বাড়াতে হবে: স্বরাষ্ট্রমন্ত্রী**

সন্ত্রাস ও জঙ্গীবাদ প্রতিরোধে সংস্কৃতি চর্চা বাড়াতে হবে। আবহমানকাল থেকেই এ দেশে সংস্কৃতি চর্চা হয়ে আসছে। এর সঙ্গে ধর্মের কোনো বিরোধ ছিল না। এ সংস্কৃতি চর্চার মাধ্যমেই মানবতার চেতনা সবার মধ্যে ছড়িয়ে দিতে হবে বলে মন্তব্য করেছে স্বরাষ্ট্রম ন্ত্রী আসাদুজ্জামান খান কামাল। তিনি বলেন , এ দেশের জনগণ কখনও সন্ত্রাস জঙ্গীবাদকে প্রশ্রয় দেয়নি। বঙ্গবন্ধুর অসাম্প্রদায়িক বাংলাদেশ নির্মাণে প্রধানমন্ত্রী শেখ হাসিনা পরিশ্রম করছেন। এ কারণে সন্ত্রাস জঙ্গীবাদ মোকাবিলায় তিনি সফল হয়েছেন। গতকাল (১১ মার্চ বুধবার) রাজধানীর ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউট মিলনায়তনে জঙ্গীবাদ, সন্ত্রাস ও সংঘাত প্রতিরোধে সাংস্কৃতিক কর্মীদের ভূমিকা নিয়ে আয়োজিত এক সভায় তিনি এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** ( শেষ পৃ,ক.৬), **যুগান্তর** (পৃ.৩,ক.৮)।

**১০। মন্ত্রিসভা কমিটিতে ২ হাজার ৩৬৪ কোটি টাকার ৩ ক্রয় প্রস্তাব অনুমোদন**

গতকাল (১১ মার্চ বুধবার) সচিবালয়ে অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামালের সভাপতিত্বে সরকারি ক্রয়-সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে ২ হাজার ৩৬৪ কোটি টাকার ৩ ক্রয় প্রস্তাব অনুমোদন দেয়া হয়েছে । বৈঠক শেষে মন্ত্রিপরিষদ সচিব সাংবাদিকদের জানান, বৈঠকে সিলেটের 'ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর সম্প্রসারণ (১ম পর্যায়)' শীর্ষক প্রকল্পের ঠিকাদার নিয়োগের একটি প্রস্তাব অনুমোদন দেয়া হয়। সূত্র-**আমাদেরঅর্থনীতি** (শেষ পৃ.,ক.২),

**১১। আগের সুদহারে ফিরল ডাকঘর সঞ্চয় স্কিম**
**অটোমেশন কার্যক্রম উদ্বোধন করলেন অর্থমন্ত্রী**

ব্যাংক ঋণের সুদের হার কমাতে যেয়ে আমানতের সুদের হারও কমানো হয়েছে। এরই মধ্যে আমানতের সুদের হার বাস্তবায়ন শুরু করেছে ব্যাংকগুলো। তারই ধারাবাহিকতায় ব্যাংকের চেয়ে যেসব জায়গায় আমানত রাখলে বেশি সুদ পাওয়া যায় সেগুলোর সুদহার কমানো শুরু হয়েছে। যাতে মানুষ ব্যাংক বিমুখ না হয়ে পড়ে। কমানো হয়েছিল ডাকঘর সঞ্চয় স্কিমের সুদহারও। তবে গতকাল থেকে আগের মতোই সুদ পাবেন বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। গতকাল (১১ মার্চ বুধবার) সচিবালয়ে ডাকঘর সঞ্চয় ব্যাংক সাধারণ ও মেয়াদি হিসাব কার্যক্রম অটোমেশনের জন্য ওয়েবভিত্তিক ডেটাবেজ সিস্টেমের উদ্বোধন অনুষ্ঠানে অর্থমন্ত্রী এসব কথা জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৫,ক.৩), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৪), **অবজারভার** (শেষ পৃ.,ক.১)।

**১২। করোনাভাইরাসের কারণে শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধের পরিস্থিতি সৃষ্টি হয়নি: শিক্ষামন্ত্রী**

করোনাভাইরাসের কারণে এখনও শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ করার মতো পরিস্থিতি সৃষ্টি হয়নি বলে মন্তব্য করেছেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি। একইসঙ্গে তিনি বলেছেন, যতক্ষণ পর্যন্ত বিশেষজ্ঞদের কাছ থেকে মতামত না পাব, ততক্ষণ আমরা শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ করার সিদ্ধান্ত নেব না। সামাজিক যোগাযোগ মাধ্যমে কোনো কোনো মহল থেকে এ বিষয়ে অপপ্রচার চালানো হচ্ছে বলেও অভিযোগ এনেছেন তিনি। গতকাল (১১ মার্চ বুধবার) ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে (ডিআরইউ) 'প্রজন্ম হোক সমতার সকল নারীর অধিকার' শীর্ষক আলোচনাসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৮)।

**১৩। করোনাভাইরাস আক্রান্ত তিন জনের দুই জন সুস্থ নতুন আক্রান্ত নেই : আইইডিসিআর**

দেশে করোনাভাইরাসে আক্রান্ত তিন জন রোগীর মধ্যে দুই জন সুস্থ হয়ে উঠেছেন। বিশ্ব স্বাস্থ্য সংস্থার নির্দেশনা অনুযায়ী তাদের যে কোনো সময় হাসপাতাল থেকে রিলিজ দেওয়া হবে বলে জানিয়েছেন স্বাস্থ্য অধিদপ্তরের রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা প্রতিষ্ঠান (আইইডিসিআর) পরিচালক অধ্যাপক ডা. মীরজাদী সেব্রিনা ফ্লোরা। গতকাল (১১ মার্চ বুধবার) আইইডিসিআরের সম্মেলনকক্ষে করোনাভাইরাস সম্পর্কিত প্রেস ব্রিফিংয়ে তিনি আরো বলেন, আক্রান্ত তিন জনের অবস্থাই এখন ভালো। এর মধ্যে দুই জন একেবারেই সুস্থ। তাদের ব্লাড পরীক্ষায় নেগেটিভ ফল পাওয়া গেছে। কিন্তু বিশ্ব স্বাস্থ্য সংস্থার প্রটোকল অনুযায়ী পর পর দুটি পরীক্ষায় করোনা নেগেটিভ না আসলে তাদের পুরোপুরি সুস্থ বলা যাবে না। তাই আমরা এখনই তাদের ছাড়ছি না। তাদের আবার ব্লাড পরীক্ষা করা হবে এবং বিশ্ব স্বাস্থ্য সংস্থাকে এ ব্যাপারে অবহিত করে শীঘ্রই দু'জন রোগীকে হাসপাতাল থেকে রিলিজ দেয়া হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **যুগান্তর** (শেষ পৃ.,ক.২), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.২)।

**১৪। করোনাভাইরাসকে মহামারী ঘোষণা ডব্লিউএইচও'র**

বিশ্বের ১১৮টি দেশে ১ লাখ ১৮ হাজারের বেশি মানুষ আক্রান্ত এবং ৪২৯১ জনের মৃত্যু হওয়ায় ভাইরাসটিকে মহামারী ঘোষণা করেছে বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও)। করোনাভাইরাস সংক্রমণের সর্বশেষ পরিস্থিতি নিয়ে গতকাল (১১ মার্চ বুধবার) সংবাদসম্মেলনে সংস্থাটির মহাপরিচালক তেদ্রোস আধানম গেব্রিয়েসাস এ ঘোষণা দেন। সূত্র-**যুগান্তর** (পৃ.১,ক.৮), **বণিকবার্তা** (শেষ পৃ.,ক.৪), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

**১৫। করোনাভাইরাসের চিকিৎসায় স্বাস্থ্য মন্ত্রণালয়কে৫০ কোটি টাকা বরাদ্দ**

করোনাভাইরাসে আক্রান্ত রোগীদের স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে জরুরিভিত্তিতে চলতি বাজেটের অপ্রত্যাশিত খাত থেকে ৫০ কোটি টাকার আর্থিক বরাদ্দ দেয়া হয়েছে। করোনা চিকিৎসার জন্য সরঞ্জামাদি কেনা, ভাইরাস প্রতিরোধে স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধিতে প্রকাশনা ও প্রচার এবং কেমিক্যালস রি-এজেন্ট কিনতে এ অর্থব্যয় করবে স্বাস্থ্য মন্ত্রণালয়ের স্বাস্থ্য ও সেবা বিভাগ। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **ইত্তেফাক** (পৃ.২,ক.৬), **অবজারভার** (পৃ.১,ক.২)।

**১৬। চামড়ার বর্জ্যে অতিমাত্রায় ক্রোমিয়াম থাকলে ব্যবস্থা**

বর্জ্য পরিশোধনের পর কোনো ট্যানারি লেদার ওয়ার্কিং গ্রুপের (এলডব্লিউজি) মানদণ্ডের বেশি ক্রোমিয়াম ছাড়লে সেটির বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। তবে ক্রোমিয়ামের মাত্রা নিয়ন্ত্রণ করার জন্য ট্যানারিগুলোকে সময় দেওয়া হবে। এর মধ্যে নির্দিষ্ট মানদণ্ড অর্জন করতে হবে। শিল্প মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষে গতকাল (১১ মার্চ বুধবার) শিল্পনগরীর চতুর্থ সংশোধিত প্রকল্পের সিইটিপিসহ সার্বিক বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাসভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহ্‌মুদ হুমায়ূনের সভাপতিত্বে সভায় বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি ও শিল্প প্রতিমন্ত্রী কামাল আহমেদ মজুমদার উপস্থিত ছিলেন। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.৫), **বণিক বার্তা** (পৃ.১২,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক১)।

**১৭। ৬৪ উপজেলা থেকে কৃষকের কাছ থেকে অ্যাপে ধান কিনবে সরকার : খাদ্যমন্ত্রী**

আসন্ন বোরো মৌসুমে ৬৪টি জেলার ৬৪টি উপজেলা থেকে অ্যাপের মাধ্যমে সরাসরি কৃষকের কাছ থেকে ধান সংগ্রহ করবে সরকার। গতকাল (১১ মার্চ বুধবার) সচিবালয়ে খাদ্য মন্ত্রণালয়ের সভাকক্ষে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এসব তথ্য জানান খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার। সূত্র-**আমাদেরঅর্থনীতি** (পৃ.১,ক.১), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **অবজারভার** (শেষ পৃ.,ক.১)।

**১৮। কানুনগো ও তহসিলদার নিয়োগ পিএসসির মাধ্যমে: ভূমিমন্ত্রী**

ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী বলেছেন, খুব শীঘ্রই পিএসসির (বাংলাদেশ সরকারি কর্ম কমিশন) মাধ্যমে নন-ক্যাডার কানুনগো ও তহসিলদার (ভূমি সহকারী কর্মকর্তা) নিয়োগ দেওয়া হবে। গতকাল (১১ মার্চ বুধবার) ঢাকার নীলক্ষেতের ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে (এলএটিসি) এক অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। তিনি আরও বলেন, পিএসসির মাধ্যমে এসব পদে নিয়োগ প্রক্রিয়ার নীতিমালা তৈরির কাজ প্রায় শেষ। উচ্চ শিক্ষিত মাঠ পর্যায়ের ভূমি কর্মকর্তারা ভূমি সেবায় গুণগত পরিবর্তন আনবে বলে তিনি মনে করেন। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.৮)।

**১৯। ডাক বিভাগকে ডিজিটাল কমার্সের হাতিয়ার করা হবে:**
**ডাকঘর সঞ্চয় অনলাইন কার্যক্রম উদ্বোধন অনুষ্ঠানে টেলিযোগাযোগমন্ত্রী**

প্রচলিত চিঠিপত্র বহনের জন্য যে ডাক ব্যবস্থাটি ছিল সে নেটওয়ার্কটিকে ডিজিটাল কমার্সের একটি হাতিয়ার হিসেবে ব্যবহারের চেষ্টা চলছে বলে জানিয়েছেন ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রী মোস্তাফা জব্বার। গতকাল (১১ মার্চ বুধবার) অর্থ মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষে 'জাতীয় সঞ্চয় স্কিম অনলাইন ম্যানেজমেন্ট সিস্টেম'-এর নতুন মডিউলের উদ্বোধন অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১৪,ক.৬), **আমাদেরঅর্থনীতি** (পৃ.২,ক.৪)।

**২০। হালকা প্রকৌশল শিল্প পার্ক স্থাপনে উদ্যোগ নেবে সরকার : শিল্প প্রতিমন্ত্রী**

হালকা প্রকৌশল পণ্যের রপ্তানির ওপর শতকরা ১০ ভাগ নগদ সহায়তা এবং কৃষি যন্ত্রপাতি কেনাকাটায় ২৫ ভাগ ভর্তুকি দিয়ে এ খাতের উন্নয়নের চেষ্টা করছে সরকার। গতকাল (১১ মার্চ বুধবার) 'জাতীয় এসএমই পণ্যমেলা ২০২০' এ হালকা প্রকৌশল বর্ষ ২০২০ বিষয়ে সেমিনারে শিল্প প্রতিমন্ত্রী কামাল আহমেদ মজুমদার এ কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১৩,ক.১)।

**সম্পাদকীয়**

**ক.** **যায়যায়দিন :** জয়বাংলাকে জাতীয় স্লোগান হিসেবে রায় দিয়েছে উচ্চ আদালত উল্লেখ করে এ রায় দ্রুত বাস্তবায়ন করার আহ্বান।

**খ.** **জনকণ্ঠ** : কৃষিভিত্তিক বাংলাদেশে ফুলের চাষ কৃষি অর্থনীতির এক অনন্য সম্ভাবনা উল্লেখ করে এ সম্ভাবনা আরও বাড়বে বলে আশাবাদ প্রকাশ।

**গ.** **সমকাল** : করোনাভাইরাস সম্পর্কে তাৎক্ষণিক ব্যবস্থা ও চিকিৎসাসেবা সম্প্রসারণে স্বাস্থ্য বিভাগকে বাড়তি ৫০ কোটি টাকা বরাদ্দ দেয়া সময়োচিত উল্লেখ করে এ ভাইরাস মোকাবিলায় সবাইকে সতর্ক ও সচেতন হওয়ার আহ্বান।

**ঘ.** **ভোরের কাগজ, যায়যায়দিন :** গোপালগঞ্জে শিক্ষা সফরের বাস দুর্ঘটনায় এক শিক্ষিকার হাত বিচ্ছিন্ন করার ঘটনা ঘটেছে উল্লেখ করে সড়ক দুর্ঘটনার হার কমাতে সড়কে শৃঙ্খলা প্রতিষ্ঠার ওপর গুরুত্বারোপ।

**ঙ.** **সংবাদ :** চট্টগ্রামের পটিয়া টিচার্স ট্রেনিং ইনস্টিটিউটের ৫০ জন নারী প্রশিক্ষণার্থীকে যৌন হয়রানির অভিযোগের তদন্ত প্রতিবেদনে যৌন হয়রানির বিষয়টি উপেক্ষিত হয়েছে উল্লেখ করে এ ঘটনায় জড়িতদের বিরুদ্ধে কঠোর আইনি ব্যবস্থা নেওয়ার দাবি।

**চ.** **বণিক বার্তা** : চলতি ২০১৯-২০ অর্থবছরের প্রথম আট মাসে এডিপি বাস্তবায়ন হয়েছে ৩৭ দশমিক শূন্য ৯ শতাংশ যা গত অর্থবছরের একই সময়ের তুলনায় প্রায় ২ দশমিক শূন্য ৪ শতাংশ কম উল্লেখ করে উন্নত বিশ্বের দৃষ্টান্ত অনুসরণ এবং তদারকি বৃদ্ধি ও পদ্ধতিগত বাধাগুলো দূরের মাধ্যমে এডিপি বাস্তবায়নে ক্ষিপ্রতা আনা হবে বলে প্রত্যাশা ব্যাক্ত।

**ছ.** **নিউজ টুডে** : করোনাভাইরাস আতঙ্কের কারণে মাস্ক, হ্যান্ডওয়াশের দুষ্প্রাপ্যতা ও দাম বৃদ্ধির কথা উল্লেখ করে এ ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

জ. **ইন্ডিপেনডেন্ট :** দুর্যোগ মোকাবিলায় বাংলাদেশ বিশ্বের কাছে রোল মডেল উল্লেখ করে এ ব্যাপারে আরও সচেতনতার আহ্বান।

**উপসম্পাদকীয়**

**সমকাল** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, বিশ্ব বাণিজ্যিক খাত থেকে যে পরিমাণ ক্ষতির আশঙ্কা রয়েছে তার চেয়েও বেশি ক্ষতি হতে পারে, যদি আমাদের দেশে করোনাভাইরাসের সংক্রমণ কমিয়ে রাখতে না পারি।

**নিবন্ধ ও ফিচার**

**যুগান্তর** পত্রিকায় প্রকাশিত **'সবার জন্য সর্বত্র সুস্থ কিডনি'** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, কিডনি রোগ প্রতিরোধযোগ্য, যদি সঠিক সময়ে এ রোগ শনাক্ত ও চিকিৎসা দেয়া সম্ভব হয়।

#

ডালিয়া/মরজিনা/সেলিনা/সাঈদা/মাসুম/খোরশেদ/২০২০/৯.০০ঘন্টা